দর্শনায় ৫২টি গাঁজার গাছসহ চাষি আটক

চুয়াডাঙ্গার দর্শনায় গাঁজা গাছসহ রেজাউল হক (৪৪) নামে এক চাষিকে আটক করেছে পুলিশ।

রোববার (১৭ আগস্ট) ভোরে উপজেলার শৈলমারি গ্রাম থেকে তাকে আটক করে দর্শনা থানাধীন বেগমপুর ক্যাম্প পুলিশ। আটক রেজাউল হক একই গ্রামের আমজাদ মণ্ডলের ছেলে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহীদ তিতুমির জানান, শৈলমারি গ্রামে মাদকদ্রব্য গাঁজার চাষ হয়েছে, এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। পরে বাড়ির পাশে তার নিজ বাগানের মধ্যে থেকে ছোট বড় ৫২টি গাঁজা গাছ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাছের আনুমানিক ওজন ১৫ কেজি।

আটক আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

দর্শনায় আনন্দ-উৎসবের মধ্য দিয়ে জন্মাষ্টমী পালন

দর্শনায় আনন্দ-উৎসবের মধ্য দিয়ে জন্মাষ্টমী পালন। গতকাল শনিবার দুপুর ১২ টার দিকে দর্শনা বাস স্ট্যান্ড চত্বর থেকে এই আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শুভ জন্মাষ্টমী সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের আরাধ্য ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে দুষ্টের দমন, শিষ্টের পালন এবং ধর্ম রক্ষার্থে মহাবতার রূপে জন্মগ্রহণ করেছিলেন ভগবান শ্রীকৃষ্ণ।

সেই উপলক্ষে প্রতিবছরের মতো এবারও শ্রীকৃষ্ণের জন্মতিথি উপলক্ষে পালন করা হয় জন্মাষ্টমী। এরই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলার আয়োজনে দর্শনা পুরাতন বাজার দূর্গা মন্দিরের সভাপতি উত্তম কুমার রন্জনের নেতৃত্বে সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায় আনন্দ-উৎসবের মধ্য

দিয়ে জন্মাষ্টমী পালন করেছে।

প্রায় সাড়ে পাঁচ হাজার বছর আগে দ্বাপর যুগে ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে মহাবতার শ্রীকৃষ্ণ ধরাধামে আবির্ভূত হন। অত্যাচারী ও অসুরদের বিরুদ্ধে শান্তিপ্রিয় সাধুজনের রক্ষার লক্ষ্যে তিনি মথুরার কংসের কারাগারে জন্মগ্রহণ করেন। শিষ্টের পালন ও দুষ্টের দমনে তিনি ব্রতী ছিলেন। সত্য ও ন্যায় প্রতিষ্ঠার ক্ষেত্রে শ্রীকৃষ্ণ তাই ভগবানের আসনে অধিষ্ঠিত। অবতার হয়ে শ্রীকৃষ্ণ জন্ম নিয়েছিলেন মাতা দেবকীর গর্ভে।

দর্শনা পুরাতন বাজার শ্রী শ্রী দূর্গা মন্দির থেকে জন্মাষ্টমী উৎসব উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় মন্দিরে এসে শেষ হয়।

র্যালিতে দর্শনার বিভিন্ন মন্দির ও এলাকা থেকে ভক্তবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া অনুষ্ঠানসূচির মধ্যে প্রসাদ বিতরণ ও ধর্মীয় আলোচনা ছিল। এই সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পূজা উদযাপন পরিষদের সদস্য সচিব বিজয় হালদার জেলা হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ চুয়াডাঙ্গা জেলা শাখার যুগ্ম সম্পাদক সাংবাদিক নারায়ণ ভৌমিক দেবোতোষ বিশ্বাস দর্শনা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক অনন্ত সানতারা, পুরাতন বাজার মন্দির কমিটির উপদেষ্টা ডাক্তার দুলাল চন্দ্র দে, অবনি মোহন সান্তারা, শৈলেন শান্তারা, কাজল সাহা, পরিমল, আশুতোষ, নকুল, প্রণয় শোভন দাস, অরুণ হালদার,অসিম, সুজন হালদার, স্বপন, নিরঞ্জন, মিঠুনসহ আরো অনেক কৃষ্ণ ভক্তবৃন্দ।

ভারত থেকে ফেরত আসা ২২ বাংলাদেশিকে স্বজনদের কাছে

হস্তান্তর

অবশেষে আপন ঠিকানায় ফিরলেন ভারত থেকে ফেরত আসা ২২ বাংলাদেশি নারী-পুরুষ। বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ নিজ নিজ ঠিকানায় স্ব স্ব ব্যক্তির অভিভাবকের কাছে তাদের বুঝিয়ে দেয়।

এ সময় ভাই তার বোনকে, পিতা-মাতা তার সন্তানকে দীর্ঘদিন পর কাছে পেয়ে আবেগে আপ্লুত হয়ে পড়েন।

এর আগে বুধবার ১৩ আগস্ট দুপুরে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি-বিএসএফ-এর পতাকা বৈঠকের মাধ্যমে তাদের ফেরত দেয়।

পুলিশ ও ফিরে আসা ব্যক্তিরা জানান, মোটা টাকার বেতনের চাকরি ও কাজের প্রলোভন দেখিয়ে দালালরা দেশের বিভিন্ন সীমান্ত দিয়ে তাদের অবৈধভাবে ভারতে পাঠিয়েছিল। দিশেহারা হয়ে মাথা গোঁজার ঠাঁই না পেয়ে শুধুমাত্র বেঁচে থাকার তাগিদে কেউ ভারতের হায়দ্রাবাদে পার্লারের কাজে, কেউ উত্তর ও মধ্য প্রদেশে কাজ করে জীবিকা নির্বাহ করতেন।

অবশেষে বুধবার ১৩ আগস্ট দুপুরে দর্শনা সীমান্তের ৭৬ নম্বর পিলারের পাশে বিজিবি-বিএসএফ কোম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের পর ২২ বাংলাদেশি নারী-পুরুষকে দর্শনা ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে ফেরত আনা হয়। পরে তাদের দর্শনা থানা পুলিশের হেফাজতে রাখা হয়।

ফেরত আসা বাংলাদেশিরা হলেন নোয়াখালী জেলার সুমাইয়া খাতুন (১৯), বরিশাল জেলার মিম খাতুন (১৫), নোয়াখালী জেলার আইরিন খাতুন (১৭), নোয়াখালী জেলার উম্মেহানি সাবু (১৮), গাজীপুর জেলার মিম খাতুন (২০), খুলনা জেলার শাহিদা আক্তার (২৪), খুলনা জেলার আফরিন বিবি (৩০), বরিশাল জেলার আবেদা খাতুন (২০), নরসিংদী জেলার শিউলি বিবি (৩৩), চুয়াডাঙ্গা জেলার রওশনারা খাতুন (২৩), পিরোজপুর জেলার মুন্নি খাতুন (২৪), চট্টগ্রাম জেলার রোমান হক (২৪), শরীয়তপুর জেলার রাশেদ আলি (২৩), বাগেরহাট জেলার আলাউদ্দিন (২২), খুলনা জেলার আরিফ (৩১), নড়াইল জেলার হাবিব রহমান (৩৪), খুলনা জেলার তারেক (৩০), নড়াইল জেলার রোমান আজিজ (৩৫), ঢাকা জেলার কৃষ্ণচন্দ্র রায় (২৬), ঢাকা জেলার সালাউদ্দিন (৫০), নওগাঁ জেলার সাথী পারভিন (৩৪) ও ঠাকুরগাঁও জেলার আরমান হোসেন (২৩)।

দর্শনা থানার ওসি মোঃ শহীদ তিতুমীর জানান, বিভিন্ন জেলার ২২ জন বাংলাদেশি নারী-পুরুষকে তাদের অভিভাবকের কাছে বুঝিয়ে দেওয়া হয়েছে।

দর্শনা সীমান্তে ২২ বাংলাদেশিকে বিজিবির কাছে হস্তান্তর করলো বিএসএফ

চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক জয়নগর সীমান্ত দিয়ে আটক ২২ বাংলাদেশিকে বাংলাদেশ বর্ডার গার্ডের (বিজিবি) কাছে হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

বুধবার (১৩ আগস্ট) বেলা সাড়ে ১২টায় বাংলাদেশ বিজিবি ও ভারতের বিএসএফ এর মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে অনুষ্ঠিত পতাকা বৈঠকে এ হস্তান্তর কার্যক্রম সম্পন্ন হয়।

এরা বিভিন্ন সময়ে অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতে আটক হওয়া ২২ বাংলাদেশি নাগরিককে আনুষ্ঠানিকভাবে ফেরত দিয়েছে ভারত।

চুয়াডাঙ্গার দর্শনা আইসিপি দিয়ে তাদের বাংলাদেশে হস্তান্তর করা হয়। চুয়াডাঙ্গা ৬ বিজিবি সূত্রে জানা গেছে, বিভিন্ন সময় সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশের অভিযোগে আটক এই ২২ বাংলাদেশি নাগরিককে ভারতের গেদে ৩২ বিএসএফ দীর্ঘ প্রক্রিয়া শেষে ফেরত দেয়।

পতাকা বৈঠক শেষে ভারতের হেফাজত থেকে তাদের আনুষ্ঠানিকভাবে গ্রহণ করে বিজিবি।
চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক নাজমুল হাসান জানান, ফেরতপ্রাপ্তরা ভারতের হায়দ্রাবাদ জেলখানায় বন্দি ছিলেন।

ফেরতকৃতদের মধ্যে ১২ জন নারী ও ১০ জন পুরুষ রয়েছে। আটককৃত হলো নোয়াখালী জেলার লক্ষ্মীপুর থানার চানগাজি গ্রামের বেলাল হোসেনের মেয়ে সুমাইয়া আক্তার (১৯), বরিশাল জেলার কাজিরহাট থানার সন্ধার মানিক গ্রামের আব্দুর রহমান সরদারের মেয়ে মীম (১৫),

মানিকগঞ্জ জেলার হরিরামপুর থানার সিকারপুর গ্রামের আয়রিন আক্তার (১৭), নোয়াখালী জেলার সোনাইমুড়ি থানার লোকমান খন্দকার গ্রামের সাইফুল ইসলামের মেয়ে উম্মে হানি সানু (১৮), গাজীপুর জেলার রেউলা বাড়ি গ্রামের আলী মোল্লার মেয়ে মিম (২০), খুলনা জেলার খুলনা সদর থানার হাজী বাড়ি গ্রামের বাবু মিয়ার মেয়ে চাহিদা আক্তার মিম (২৪), খুলনা জেলার দিঘলিয়া থানার ধরিমহিষদিয়া গ্রামের মৃত নুরুল ইসলামের মেয়ে আফরিন খানম (২৭), রাজবাড়ী জেলার বালিয়াকান্দি থানার রাজবাড়ী গ্রামের আব্দুল ফকিরের মেয়ে আাবেদা আক্তার (২০), নরসিংদী জেলার শিবপুর থানার গাজুটিয়া গ্রামের সাইফুল ইসলামের মেয়ে শিউলি বেগম (৩২), চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার চন্দ্রবাস গ্রামের আবু বক্কর সিদ্দিকের মেয়ে রওশন আরা খাতুন (২৩), পিরোজপুর জেলার মঠবাড়িয়া থানার নবীনগর গ্রামের কালো চকিদারের মেয়ে আক্তার (২৬), চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া থানার দক্ষিণ সাইদবাড়ি গ্রামের মোস্তাদিরের মেয়ে রোমান (৪২), শরীয়তপুর জেলার বদরগঞ্জ থানার মাল্লিককান্দি গ্রামের মানিক মোল্লার ছেলে রাশেদ মোল্লা (২১), বাগেরহাট জেলার শরণখোলা থানার উত্তর আমড়াগাছিয়া গ্রামের সবুর খানের ছেলে আলাউদ্দিন আপন (২২), খুলনা জেলার দিঘলিয়া থানার মহেশদিয়া গ্রামের মৃত নূর শেখের ছেলে আরিফ (৩১), নড়াইল জেলার কালিয়া থানার ইসলামপুর গ্রামের গোলাম মোল্লার ছেলে হাবিব মোল্লা (৩৪), খুলনা জেলার দিঘলিয়া থানার মহিষদিয়া গ্রামের মুনসুর মোল্লার ছেলে তারেক মোল্লা (৩০), নড়াইল জেলার কালিয়া থানার বিন্দারচর গ্রামের মীর মোহাম্মদ আলীর ছেলে রোশান আরিজ (৩৫), ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া থানার উত্তর পাইকপাড়া গ্রামের যোগেশ্বর দাসের ছেলে কৃষ্ণ চন্দ্র দাস (২৩), ঢাকা জেলার দোহার থানার কাঠালিয়া গ্রামের শামসুদ্দিনের ছেলে সালাউদ্দিন (৫১), নওগাঁ জেলার পত্নীতলা থানার দরিয়া গ্রামের সিদ্দিকুল ইসলামের মেয়ে মোসাম্মৎ সাথী পারভিন (৩০) ও ঠাকুরগাঁও জেলার হরিপুর থানার যামুন গ্রামের ফজলুর রহমানের ছেলে আরমান আলী (২৩)।

এরা দীর্ঘদিন ধরে ভারতে বিভিন্ন কাজে লিপ্ত ছিল। এদের এক সপ্তাহ আগে ভারতীয় বিএসএফ আটক করে।

আজ তাদের দর্শনা সীমান্ত দিয়ে বিজিবির কাছে হস্তান্তর করে। তিনি আরও জানান, প্রাথমিক যাচাই-বাছাই শেষে তাদের দর্শনা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

দর্শনায় ইয়াবাসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ১০২ পিস ইয়াবা ট্যাবলেটসহ একজনকে গ্রেফতার করেছে।

জানা যায়, গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৬টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা আনোয়ারপুর মসজিদের সামনে পাকা রাস্তার ওপর অভিযান চালানো হয়।

এ সময় দর্শনা থানার এসআই মাসুদুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ ওই স্থানে গিয়ে সন্দেহভাজন ব্যক্তির দেহ তল্লাশি করে ১০২ পিস ইয়াবা ট্যাবলেট, একটি কাপড় স্ট্রিপ করার আয়রন মেশিন এবং অন্যান্য সামগ্রীসহ বড় দুধপাতিলা গ্রামের খোরশেদ আলমের ছেলে শিপন ইসলামকে (২৩) গ্রেফতার করে।

গ্রেফতারকৃতের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে এবং গতকালই তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে পুলিশ।

দর্শনায় ২ কেজি গাঁজাসহ যুবক গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদকবিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ একজনকে গ্রেফতার করেছে।

জানা যায়, গতকাল রবিবার রাত ৯টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা পৌরসভার রেলকলোনি পাঠানপাড়ায় অভিযান পরিচালনা করা হয়।

এ সময় দর্শনা থানার চৌকস এসআই গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয়

ফোর্সসহ সুগন্ধা মাঠের পাকা রাস্তার উপর থেকে দর্শনা পাঠানপাড়ার রুস্তম মোল্লার ছেলে গাঁজাব্যবসায়ী টুবেল মোল্লাকে (৩০) গ্রেফতার করে। পুলিশ তার দেহ তল্লাশি চালিয়ে ভারতীয় স্কচটেপ দিয়ে মোড়ানো ২ কেজি গাঁজা উদ্ধার করে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। গতকাল তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করা হয়েছে।

দর্শনা মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের নির্মাণ কাজের উদ্বোধন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বরাদ্দকৃত ১৫ লক্ষ টাকার উন্নয়নমূলক নির্মাণ কাজের উদ্বোধন করেছেন মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মশিউর রহমান।

রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে এ নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

এ সময় মশিউর রহমান বলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত অর্থ দিয়ে এই নির্মাণ কাজের উদ্বোধন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই অধিদপ্তর শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে থেকে দেশের শিক্ষা অবকাঠামোর উন্নয়ন, সংস্কার ও সম্প্রসারণের দায়িত্ব পালন করে। ভবিষ্যতে বিদ্যালয়টি আধুনিকায়ন করা হবে। তিনি আরও বলেন, শুধু স্কুলের বিল্ডিং নির্মাণ করলেই হবে না ছেলে-মেয়েদের লেখাপড়ার মানও আরও উন্নত করতে হবে।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকৌশলী ও ঠিকাদার কামরুজ্জামান বকুল, রেজাউল করিম লাল্টু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইকরামুল হক, কমিটির সদস্য মাহাবুবুর রহমান খোকন, লুৎফর রহমান প্রমুখ।

সাংবাদিক তুহিন হত্যার প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবের উদ্দ্যোগে মানববন্ধন

গাজীপুরে সাংবাদিক আসাদুজ্জামান তুহিনকে হত্যার প্রতিবাদে বিচার চেয়ে চুয়াডাঙ্গার দর্শনায় মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। নিহত তুহিন দৈনিক প্রতিদিনের কাগজ পত্রিকার স্টাফ রিপোর্টর হিসাবে কর্মরত ছিলেন।

আজ শনিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির উদ্যোগে প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে জীবননগর ও দামুড়হুদা প্রেসক্লাবের নেতৃবৃন্দ একাত্বতা প্রকাশ করেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ‘সাংবাদিকদের ওপর হামলা করে সত্যকে দমিয়ে রাখা যাবে না। রাষ্ট্রের দায়িত্ব নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। কিন্তু বারবার সাংবাদিকদের ওপর হামলার ঘটনা আমাদের প্রশ্নবিদ্ধ করে। অপরাধীদের বিচার না হলে নৈরাজ্য বাড়বে।’

বক্তারা বলেন, ‘রাষ্ট্রের ও সমাজের সকল কাজে সবার আগে সাংবাদিকরা থাকে। আবার এই সাংবাদিকদেরই নানা ভাবে সবচেয়ে বেশি নির্যাতনের স্বীকার হতে হয়। সাংবাদিকরা নির্যাতনের শিকার হলেও এসব ঘটনার সুষ্ঠু বিচার হয় না। যার ফলে একই ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটছে।’

তারা বলেন, ‘সাংবাদিকরা রাষ্ট্রের চতুর্থ স্তম্ভের ভূমিকা পালন করে। অথচ রাষ্ট্রের সেই স্তম্ভের নিরাপত্তায় কোনো কোনো আইন নেই। আমরা চাই সাংবাদিকদের সুরক্ষার জন্য একটি আইন তৈরি করা হোক। দেশের সংবাদকর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে সরকারকে যথাযথ পদক্ষেপ নিতে হবে।’

বক্তারা আরও বলেন, ‘যুগে যুগে এদেশে সাংবাদিক হত্যার বা নির্যাতনের সঠিক বিচার হয়নি। ২০২৪ সালের ৫ আগস্টের পর প্রত্যাশা ছিলো পরিস্থিতির পরিবর্তন হবে। কিন্তু দুক্ষের বিষয় তা হয়নাই।

বরং সাংবাদিক নির্যাতন বাড়ছেই, যেটা খুবই কষ্টের। সাংবাদিক তুহিন হত্যার সাথে জড়িতদের কঠিন বিচারের মুখোমুখি করা হোক। যাতে করে ভবিষ্যতে আর কেউ সাংবাদিক হত্যা ও নির্যাতনের মত জঘন্য কাজ করার সাহস না পায়।’

সাংবাদিক তুহিন হত্যায় জড়িতদের দ্রুত বিচার আইনে বিচারের দাবি জানিয়ে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সরকারের কাছে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান মানববন্ধনে অংশ নেয়া সাংবাদিক ও বক্তারা। এ মানববন্ধনে দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, মাসুম বিল্লাহ, মনিরুজ্জামান ধীরু, হানিফ মন্ডল, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির আহম্মেদ ফয়সাল উপস্থিত ছিলেন।

বক্তব্য রাখেন দর্শনা প্রেস ক্লাবের সদস্য- রিফাত হোসেন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সদস্য চঞ্চল মেহমুদ, জীবননগর প্রেসক্লাবের আহ্বায়ক রিপন হোসেন, প্রবাসী সাংবাদিক শাফায়াত উল্লাহ, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সদস্য রেজাউল করীম লিটন, গণউন্নয়ন গ্রন্থাগারের সভাপতি আবু সুফিয়ান, দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি মোহাম্মদ হারুন অর রশীদ। অনুষ্ঠানটি পরিচালনা করেন, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

গাজীপুরে সাংবাদিক তুহিন হত্যার প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবে প্রতিবাদ সভা

দর্শনা প্রেসক্লাবে ঢাকার গাজীপুরে সাংবাদিক আসাদুজ্জামান তুহিন হত্যার প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবের উদ্যোগে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার রাত ৮টায় দর্শনা প্রেসক্লাব কার্যালয়ে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন, প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল।

এ প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন, দর্শনা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক মাসুম বিল্লাহ, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, প্রেসক্লাবের সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সভাপতি জাহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুন।

এছাড়া উপস্থিত ছিলেন, অর্থ-সম্পাদক ফরহাদ হোসেন, সাংবাদিক হাসমত আলী, ওয়াসিম রয়েল, আব্দুল হান্নান, রিফাত হোসেন ও শ্রী কমল বাঁধন। অনুষ্ঠান পরিচালনা করেন, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

দর্শনা পৌর বিএনপি’র বৃক্ষরোপণ কর্মসূচি

“গাছ লাগান পরিবেশ বাঁচান” এ স্লোগানকে সামনে রেখে দর্শনা সরকারি কলেজ ও দর্শনা পরানপুর সড়কে বৃক্ষরোপণ করলেন দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির প্রধান হাবিবুর রহমান বুলেট।

এ বৃক্ষরোপণ কর্মসূচির ভিতরে ছিল দর্শনের প্রাণকেন্দ্র চটকা গাছ সহ অন্যান্য গাছ সমুহ হতে ব্যানার ফেস্টুন অপসারণ ও বৃক্ষরোপণ কর্মসূচি। এ কর্মসূচিতে বিভিন্ন প্রকার বনজ ও ফলজ গাছ রোপন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা পুরাতন বাজার কমিটির সাধারণ সম্পাদক সোহেল তরফদার, দর্শনা পৌর ছাত্রদলের সাবেক সভাপতি ও যুবদল নেতা বাবুল আক্তার, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আবু সাঈদ রতন, দর্শনা পৌর ছাত্রদলের অন্যতম সদস্য ও ৫ নং ওয়ার্ড ছাত্রদলের সভাপতি শেখার শাওন, ছাত্রদলের সদস্য আলামিন, জুয়েল, উজ্জল, প্রান্ত, জিম, তৌফিক, তিতাস, আকাশ,সিয়াম, তৌহিদ, রিফাত প্রমুখ।